



T.O License No. 14/2019

বাংলাদেশ সার্ভে এন্ড ভ্যালুয়েশন কোম্পানিজ, ফার্মস এন্ড ইন্ডিভিজুয়াল কন্সার্নস এসোসিয়েশন
Bangladesh Survey & Valuation Companies, Firms & Individual Concerns Association

Incorporation No. 989/2019

বিএসভি/১০/২০২০/২১৫

১০ জুন, ২০২১

সম্মানিত সকল সদস্যদের জন্য

বিষয়ঃ বকেয়া পরিশোধ করন প্রসঙ্গে।

সাম্মানিত সদস্যবৃন্দ,


আসসালামু আলাইকুম।


আশা করি আল্লাহর রহমতে করোনার এই মহামারীতে সুস্থ্য ও নিরাপদে আছেন। আপনারা নিশ্চয় অবগত আছেন যে, বাংলাদেশ সার্ভে এন্ড ভ্যালুয়েশন কোম্পানিজ, ফার্মস এন্ড ইন্ডিভিজুয়াল কন্সার্নস এসোসিয়েশন (বিএসভিসি এসোসিয়েশন) একটি অলাভজনক প্রতিষ্ঠান। সুতরাং এসোসিয়েশনের সকল ব্যয়ভার পরিচালিত হয় আপনাদের সদস্য ফি ও মাসিক চাঁদা হতে। এসোসিয়েশনের কার্যধারা অব্যহত রাখার লক্ষ্যে আপনাদের সার্বিক সহযোগিতা কামনা করছি। ইতিমধ্যে আপনারা সকলেই কোষাধ্যক্ষ স্বাক্ষরিত বকেয়া পরিশোধ সংক্রান্ত একটি নোটিশ পেয়েছেন। সকল বকেয়া আগামী ২৫/০৬/২০২১ তারিখের মধ্যে পরিশোধ করতঃ মেম্বারশীপ সনদ নবায়ন করার জন্য অনুরোধ করছি।

উল্লেখ্য যে সদস্যগণের সকল প্রকার বকেয়া পরিশোধ সাপেক্ষে সদস্যগণের নাম, কোম্পানীর নাম ও ছবি সহ প্রাসঙ্গিক সকল প্রকার তথ্য এসোসিয়েশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং সকল ব্যাংকে প্রেরন করা হবে। আগামী ১লা জুলাই, ২০২১ তারিখ পর্যন্ত যাদের সকল বকেয়া পরিশোধ থাকবে কেবলমাত্র তাদের তালিকাই ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

এজিএম-২০২১ উপলক্ষ্যে একটি স্যুভেনিয়ার প্রকাশ করা হবে যাতে সকল সদস্যগণের ছবি ও কোম্পানীর নাম সহ তালিকা থাকবে। এবং উক্ত স্যুভেনিয়ার বাংলাদেশ ব্যাংক সহ সকল ব্যাংকে প্রেরন করা হবে। সুতরাং সকল সদস্যগণের সদ্যতোলা ছবি সহ সকল হালনাগাদ তথ্য আগামী ২৫ই জুন-২০২১ এর মধ্যে সহঃ সাধারণ সম্পাদক মোঃ ইলিয়াছ এর নিকট জমা প্রদান করবেন। এছাড়াও প্রত্যেক সদস্যগণ সাধ্য অনুযায়ী স্যুভেনিয়ারে একটি বিজ্ঞাপন প্রদান করার জন্য অনুরোধ করছি।

ধন্যবাদান্তে


প্রকৌঃ মোহাম্মদ আনোয়ার হোসেন
সভাপতি (ভারপ্রাপ্ত)


প্রকৌঃ মোঃ হারুন-অর-রশিদ (সুমন)
সাধারণ সম্পাদক

